

## ফাজিল অনার্স শিক্ষা মানসম্পন্ন করার লক্ষ্যে মাদরাসা কর্তৃপক্ষের প্রতি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা

ফাজিল অনার্স শিক্ষা যথাযথ মানসম্পন্ন করার লক্ষ্যে মাদরাসার অধ্যক্ষ ও শিক্ষকবৃন্দের মনোযোগ আকর্ষণপূর্বক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হল। প্রদত্ত নির্দেশনা সমূহ পূর্ণরূপে অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

১. অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অনার্স (বিভাগীয়) শিক্ষক ও অন্যান্য শিক্ষকদের পৃথক ভাবে বসার জন্য কক্ষ থাকতে হবে।
২. মাদরাসায় বৎসরে কমপক্ষে ৪টি সেমিনারের আয়োজন করতে হবে।
৩. ১ম বর্ষের নবীন বরণ ও শেষবর্ষের বিদায় অনুষ্ঠান করতে হবে।
৪. শেষ বর্ষের শিক্ষার্থীদের শিক্ষাসফর করতে হবে।
৫. শিক্ষকগণ যেন নিয়মিত ক্লাস নেন তা নিশ্চিত করতে হবে।
৬. সিলেবাসের অন্তর্ভুক্ত কিতাব/গ্রন্থ, সহায়ক গ্রন্থ, বাংলাদেশের ইতিহাস-ঐতিহ্য ও সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গ্রন্থসমূহের সমন্বয়ে একটি সমৃদ্ধ গ্রন্থাগার থাকতে হবে।
৭. অনার্স ছাত্র-ছাত্রীদের পরিচয় পত্র দিতে হবে।
৮. পরিচয় পত্র জমা দিয়ে ছাত্র-ছাত্রীরা লাইব্রেরীতে যেন বই পড়তে পারে সেই সুযোগ থাকতে হবে।
৯. জাতীয় দিবস, ধর্মীয় দিবস, বার্ষিক পিকনিক, ক্রীড়া ও সাহিত্য সাংস্কৃতিক প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে।
১০. ছাত্র-ছাত্রীদের অনুপস্থিত থাকার ব্যাপারে গ্রহণযোগ্য কারণ থাকতে হবে।
১১. মাদরাসা অফিস, শ্রেণি কক্ষ ও ক্যাম্পাস সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
১২. মাদরাসার অফিসে কম্পিউটার ও অপারেটর থাকতে হবে।
১৩. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.iau.edu.bd](http://www.iau.edu.bd) থেকে সময় সময় প্রদত্ত নির্দেশনাসমূহ দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৪. শিক্ষক, ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথকভাবে প্রয়োজনীয় সংখ্যক টয়লেট থাকতে হবে।
১৫. অনার্স শিক্ষা যাতে সার্বিকভাবে মানসম্পন্ন হয় সেজন্য মাদরাসার অধ্যক্ষকে অত্যন্ত মনোযোগী হতে হবে।

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্বাক্ষরিত/-  
ভাইস চ্যান্সেলর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।